

# বাংলাদেশ অভ্যন্তরীণ নৌ-পরিবহন কর্তৃপক্ষ

১৪১-১৪৩ মতিঝিল বাণিজ্যিক এলাকা, ঢাকা-১০০০

তারিখঃ ৩১/০৩/২০২৬খ্রিঃ

দপ্তর আদেশ নং-৫৬০/২০২৬

যেহেতু, জনাব বদরুজ্জামান, ড্রাইভার-২ (১ম শ্রেণীর সনদধারী), ড্রেজার-কপোতাক্ষ, ড্রেজার বেইজ, ড্রেজিং বিভাগ, বিআইডব্লিউটিএ, বরিশাল ড্রেজারে কর্মরত থাকাকালীন সময়ে গত ২৪/০৭/২০২৫খ্রিঃ তারিখ দিবাগত রাতে মায়ারামপুর খনন এলাকা, বাঞ্ছারামপুর অবস্থানকালীন ড্রেজার-কপোতাক্ষ সংলগ্ন ফ্রেনবোট খনিকা-১০ হতে ০৩টি ব্যাটারী এবং ব্যাটারী সংযুক্ত ক্যাবল চুরি হয়; এতে কর্তৃপক্ষের আর্থিক ক্ষতি সাধিত হয়েছে; যেহেতু, এ চুরির ঘটনায় তার সংশ্লিষ্টতা অনুমেয় হওয়ায় কর্তৃপক্ষের দপ্তর আদেশ নং-১৪৫৯/২০২৫; তারিখঃ ১৭/০৮/২০২৫ দ্বারা বাঅনৌপ-কর্তৃপক্ষের কর্মচারী চাকুরী প্রবিধানমালা-১৯৯০ এর ৪১(১) প্রবিধান অনুসারে কর্তৃপক্ষের চাকুরী হতে তাকে সাময়িকভাবে বরখাস্ত করা হয়;

যেহেতু, ড্রেজার-কপোতাক্ষ সংলগ্ন ফ্রেনবোট খনিকা-১০ হতে গত ২৪/০৭/২০২৫খ্রিঃ তারিখ রাতে ০৩টি ব্যাটারী এবং ব্যাটারী সংযুক্ত ক্যাবল চুরি হওয়ায় কর্তৃপক্ষের আর্থিক ক্ষতি সাধিত হয়েছে এবং এ চুরির জনাব বদরুজ্জামান, ড্রাইভার-২ (১ম শ্রেণীর সনদধারী) (সাময়িক বরখাস্তকৃত) এর সংশ্লিষ্টতা অনুমেয়; যেহেতু, তার এরূপ কার্যকলাপ কর্তৃপক্ষের কর্মচারী চাকুরী শৃংখলা বিধির পরিপন্থি, যা বাঅনৌপ-কর্তৃপক্ষের কর্মচারী চাকুরী প্রবিধানমালা-১৯৯০ এর ৩৫(ক) এবং ৩৫(খ) প্রবিধান অনুসারে "দায়িত্ব পালনে অবহেলা" এবং "অসদাচরণ" এর অন্তর্ভুক্ত হওয়ায় কর্তৃপক্ষের স্মারক নং-১৮. ৭০৭. ০৪৭. ০০. ০০. ৩২৪. ২০২৫/২৪৪, তারিখঃ ২৪/০৯/২০২৫খ্রিঃ দ্বারা অভিযোগনামা জারীর মাধ্যমে তার বিরুদ্ধে বিভাগীয় মামলা রুজু করা হয়; যেহেতু, তিনি গত ২৯/০৯/২০২৫খ্রিঃ তারিখ অভিযোগনামার জবাব দাখিল করেন; যেহেতু, অভিযোগনামার জবাবের প্রেক্ষিতে গুরু দণ্ড আরোপের উদ্দেশ্যে বাঅনৌপ-কর্তৃপক্ষের কর্মচারী চাকুরী প্রবিধানমালা-১৯৯০ এর ৩৯(২)(গ) মোতাবেক কর্তৃপক্ষের দপ্তর আদেশ নং-২৩৯৯/২০২৫; তারিখঃ ০৮/১২/২০২৫খ্রিঃ দ্বারা জনাব মেহেদী হাসান, অতিরিক্ত প্রধান প্রকৌশলী(তড়িৎ/সিএসই), ডিজাইন এন্ড মনিটরিং বিভাগ, বিআইডব্লিউটিএ, ঢাকা-কে আহ্বায়ক করে ৩(তিন) সদস্য বিশিষ্ট একটি তদন্ত বোর্ড গঠন করা হয়;

যেহেতু, তদন্ত বোর্ড গত ২২/০১/২০২৬ খ্রিঃ তারিখে চেয়ারম্যান মহোদয় বরাবর প্রতিবেদন দাখিল করেন; যেহেতু, দাখিলকৃত প্রতিবেদনে মতামত/সুপারিশে অভিযুক্ত ৫(পাঁচ) জন কর্মচারীর মধ্যে ৩(তিন) কর্মচারীর বিরুদ্ধে আনীত অভিযোগে দায়িত্ব পালনে অবহেলার কারণে দোষী হিসেবে গণ্য করা হয়; কিন্তু অবশিষ্ট ০২(দুই) জন কর্মচারী একই অভিযোগে দোষী/নির্দোষ কি-না তা উল্লেখ করা হয়নি; এ প্রেক্ষিতে পুনরায় তদন্ত প্রতিবেদন দাখিলের জন্য গত ১০/০২/২০২৬খ্রিঃ তারিখ তদন্ত বোর্ডের আহ্বায়ক-কে পত্র প্রেরণ করা হয়; যেহেতু, তদন্ত বোর্ড গত ২৪/০২/২০২৬খ্রিঃ তারিখ পুনরায় পরিচালক(প্রশাসন ও মানব সম্পদ) মহোদয় বরাবর প্রতিবেদন দাখিল করেন;

যেহেতু, তদন্ত বোর্ডের দাখিলকৃত প্রতিবেদনে জনাব বদরুজ্জামান, ড্রাইভার-২ (১ম শ্রেণীর সনদধারী) (সাময়িক বরখাস্তকৃত), ড্রেজার-কপোতাক্ষ, ড্রেজার বেইজ, ড্রেজিং বিভাগ, বিআইডব্লিউটিএ, বরিশাল (বর্তমান কর্মস্থল, ঢাকা) এর নামে আনীত অভিযোগ নিরাপত্তা পালনে অবহেলা প্রমাণিত না হওয়া এবং চুরির সাথে সংশ্লিষ্টতা না থাকায় নির্দোষ হিসেবে গণ্য করা হয়েছে; যেহেতু, প্রতিবেদন সহ নথি উপস্থাপন করা হলে যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক অভিযোগনামার জবাব, তদন্ত প্রতিবেদন এবং অন্যান্য রেকর্ডপত্র পরীক্ষান্তে জনাব বদরুজ্জামান, ড্রাইভার-২ (১ম শ্রেণীর সনদধারী) (সাময়িক বরখাস্তকৃত) এর প্রতি অভিযোগ প্রত্যাহার পূর্বক সাময়িক বরখাস্তের আদেশ প্রত্যাহার এবং সাময়িক বরখাস্তকালীন সময়কে কর্মকাল হিসেবে গণ্য করে বিভাগীয় মামলাটি নিষ্পত্তি করার সিদ্ধান্ত গৃহীত হয়;

সেহেতু, জনাব বদরুজ্জামান, ড্রাইভার-২ (১ম শ্রেণীর সনদধারী), ড্রেজার-কপোতাক্ষ, ড্রেজার বেইজ, ড্রেজিং বিভাগ, বিআইডব্লিউটিএ, বরিশাল এর প্রতি অভিযোগ প্রত্যাহার পূর্বক সাময়িক বরখাস্তের আদেশ প্রত্যাহার এবং সাময়িক বরখাস্তকালীন সময়কে কর্মকাল হিসেবে গণ্য করে বিভাগীয় মামলার সকল কার্যক্রম পরিসমাপ্তি করা হলো; তিনি একই পদে ড্রেজিং বিভাগ, বিআইডব্লিউটিএ, ঢাকা কাজে যোগদান করবেন;

যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে এ আদেশ জারী করা হলো।


স্বাক্ষরিত  
(মোঃ সাইফুল ইসলাম)  
পরিচালক(প্রশাসন ও মানব সম্পদ)  
বিআইডব্লিউটিএ।

নথি নং-১৮.৭০৭.০৪৭.০০.০০.৩২৪.২০২৫/৪৫৫

তারিখঃ ৩১/০৩/২০২৬খ্রিঃ

অনুলিপি : ( জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়)-

- ০১। পরিচালক, হিসাব বিভাগ, বিআইডব্লিউটিএ, ঢাকা।
- ০২। পরিচালক, নিরীক্ষা বিভাগ, বিআইডব্লিউটিএ, ঢাকা।
- ০৩। প্রধান প্রকৌশলী, ড্রেজিং বিভাগ, বিআইডব্লিউটিএ, ঢাকা।
- ০৪। পরিচালক, অর্থ বিভাগ, বিআইডব্লিউটিএ, ঢাকা।
- ০৫। পরিচালক, আইসিটি বিভাগ, বিআইডব্লিউটিএ, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো)।
- ০৬। তত্ত্বাবধায়ক প্রকৌশলী, ড্রেজার বেইজ, ড্রেজিং বিভাগ, বিআইডব্লিউটিএ, বরিশাল।
- ০৭। উপ-পরিচালক, হিসাব বিভাগ, বিআইডব্লিউটিএ, বরিশাল।
- ০৮। সমন্বয় কর্মকর্তা, চেয়ারম্যান মহোদয়ের দপ্তর, বিআইডব্লিউটিএ, ঢাকা।
- ০৯। ব্যক্তিগত সহকারী, সদস্য (প্রকৌশল) মহোদয়ের দপ্তর, বিআইডব্লিউটিএ, ঢাকা।
- ১০। জনাব বদরুজ্জামান, ড্রাইভার-২ (১ম শ্রেণীর সনদধারী), ড্রেজিং বিভাগ, বিআইডব্লিউটিএ, ঢাকা।
- ১১। বক্তিগত নথি।

  
পরিচালক(প্রশাসন ও মানব সম্পদ)  
বিআইডব্লিউটিএ।